

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৭৯৪
কুমারঘাট, ২৩ নভেম্বর, ২০২৩

বিকশিত ভারত সংকল্প যাত্রা
মাছমাৰা টাউন হলে দু'দিন ব্যাপী প্রশাসনিক শিবির

বিকশিত ভারত সংকল্প যাত্রা ও প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযানে গতকাল পৈঁচাতল ব্লকের মাছমাৰা টাউন হলে দু'দিন ব্যাপী এক প্রশাসনিক শিবির শুরু হয়েছে। ব্লকে উত্তর মাছমাৰা, মাছমাৰা, কড়ইছড়া ও দক্ষিণ ধনিছড়া এডিসি ভিলেজকে নিয়ে এই প্রশাসনিক শিবির অনুষ্ঠিত হচ্ছে। কেন্দ্র ও রাজ্য সরকারের বিভিন্ন প্রকল্প ও পরিষেবা সুযোগ মানুষের কাছে পৌঁছে দিতেই এই শিবিরে আয়োজন করা হয়। পাশাপাশি সরকারি প্রকল্প ও পরিষেবা সম্পর্কে মানুষকে সচেতনও করা হচ্ছে। প্রশাসনিক শিবিরে স্বাস্থ্য, মহকুমা প্রশাসন, মৎস্য, শ্রম, পুঁর্ত, বিদ্যুৎ, কৃষি ও কৃষক কল্যাণ, প্রাণীসম্পদ বিকাশ, পানীয়জল ও স্বাস্থ্যবিধান এবং ত্রিপুরা গ্রামীণ জীবিকা মিশন থেকে বিভিন্ন প্রকল্প ও পরিষেবা সুযোগ দেওয়া হচ্ছে। শিবিরে ৮০টি পিআরটিসি, ৫২টি এসটি, ৯টি এসসি, ৩৮টি ওবিসি ও ৬০টি ইনকাম সার্টিফিকেটের আবেদনপত্র গ্রহণ করা হয়েছে।
